গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও
ঢাকা- ১২০৭।
www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২০১৮. ১৬৯৮ তারিখ: ০৯-০৪-২০১৮ খ্রি:

বিষয়: ইনোভেশন শোকেসিং আয়োজনের চূড়ান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : নাসরুল্লাহ মোঃ ইরফান, পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
স্থান : সভা কক্ষ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
সময় : সকাল ১০:০০ টায়
তারিখ : ০৯.০৪.২০১৮

তথ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় বাংলাদেশ বেতারের আয়োজনে আগামী ১৬.০৪.২০১৮ তারিখে জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকায় 'ইনোভেশন শোকেসিং' এর আয়োজন করা হয়েছে। তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন ১৩ টি অধিদপ্তর এই 'ইনোভেশন শোকেসিং' এ অংশগ্রহণ করবেন। এই 'ইনোভেশন শোকেসিং' এ ৩৭ (সাইত্রিশ) টি প্রজেক্ট উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অদ্য ০৯.০৪.২০১৮ তারিখে ইনোভেশন শোকেসিং আয়োজনের প্রস্তুতি বিষয়ক এক সভা বাংলাদেশ বেতারের ইনোভেশন টীমের আহবায়কের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ বেতারের পরিচালক (প্রশাসন ও অর্থ), বেতারের ইনোভেশন কমিটি সকল সদস্য ও তথ্য মন্ত্রণালয়ের ১৩ (তের) টি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)।

সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানান। তিনি আগামী ১৬.০৪.২০১৮ তারিখে শোকেসিং এর প্রস্তুতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলের কাছে জানতে চান। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করেন। এতদ্‌প্রেক্ষিতে সভাপতি কিভাবে শোকেসিং সফল বাস্তবায়ন করা যায় এই সম্পর্কে প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই এর ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা জনাব অশোক বিশ্বাস এর নিকট জানতে চান। এ প্রেক্ষিতে তিনি উপস্থিত সকলকে শোকেসিং সফলভাবে বাস্তবায়নের জন্য কিছু ধারণা প্রদান এবং মতামত উপস্থাপন করেন।

উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	শোকেসিং এর পূর্ব প্রস্তুতি	শোকেসিং সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে সভায় আলোচনা হয়। এ সম্পর্কে প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই এর ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা জনাব অশোক বিশ্বাস জানান যে, মূল অনুষ্ঠান শুরুর পূর্বে ১২.০৪.২০১৮ তারিখে বা তার পূর্বে একদিন সকলের পূর্ব প্রস্তুতি সম্পর্কে জানা প্রয়োজন। এদিন সংশ্লিষ্ট সকল অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বাংলাদেশ বেতারে একত্রে তাদের প্রস্তুতি উপস্থাপন করবেন। এসময় তাদের ইনোভেশন সংক্রান্ত উপস্থাপনাগুলো প্রদর্শনপূর্বক কোন ভুল-ত্রুটি আছে কিনা তা যাচাই করা সম্ভব হবে। এছাড়া জাতীয় বেতার ভবনের কোন স্থানে সংশ্লিষ্ট দপ্তর বা অধিদপ্তর তার প্রতিষ্ঠানের শোকেসিং উপস্থাপনা করবেন তা নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ১২.০৪.২০১৮ তারিখে শোকেসিং এর পূর্বপ্রস্তুতি সম্পর্কে অবহিত করণের লক্ষে তথ্য মন্ত্রণালয়ের ১৩ (তের) টি অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ে ৩৭ (সাইত্রিশ) টি প্রজেক্ট এবং উপস্থাপনযোগ্য উপকরণসহ সকাল ১০:৩০ টায় সংশ্লিষ্ট অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ জাতীয় বেতার ভবনে উপস্থিত থাকবেন।
২.	রেজিস্ট্রেশন	আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে সকাল ৯:৩০ মিনিটে সংশ্লিষ্ট সকলের রেজিস্ট্রেশন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এতে করে মূল অনুষ্ঠানটি যথাসময়ে শুরু করা সম্ভব হবে।	বাংলাদেশ বেতারের ইনোভেশন টীমের সদস্যরা এটুআই-এর সহায়তায় এ দায়িত্ব পালন করবেন।
৩.	উদ্বোধনী অনুষ্ঠান	আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে সকাল ১০:০০ টায় উদ্বোধনী অনুষ্ঠান বাংলাদেশ বেতারের অডিটোরিয়ামে আয়োজনের বিষয়ে	জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় এ বিষয়ে

		আলোচনা করা হয়। এছাড়া উদ্বোধনী অনুষ্ঠানে তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) জনাব মোঃ মহিবুল হোসাইন কে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৪.	ইনোভেশন শোকেসিং পরিদর্শন টীম	আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠানে অংশগ্রহণ করবে এমন ৩৭টি প্রজেক্টের মধ্যে কোন্ প্রকল্পটি মাঠ পর্যায়ে/সমপর্যায়ে অন্য প্রতিষ্ঠানে ব্যবহার করা যাবে, তার সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট শোকেসিং পরিদর্শন টীম গঠন করার বিষয়ে আলোচনা করা হয়।	পরিদর্শন টীমের নির্বাচিত সদস্যগণ হলেন জনাব মোঃ মহিবুল হোসাইন, তথ্য মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন কর্মকর্তা অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র); জনাব খান মোঃ রেজাউল করিম, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার; জনাব নাসরুল্লাহ মোঃ ইরফান, পরিচালক (অনুষ্ঠান) ও আহবায়ক (ইনোভেশন কমিটি) বাংলাদেশ বেতার; বেগম মোবাশ্বেরা কাদেরী, সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন), পিআইডি; জনাব মোঃ জসিম উদ্দিন, পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর; জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় এবং প্রোগ্রাম ম্যানেজার (চলতি দায়িত্ব), বাংলাদেশ টেলিভিশন।
৫.	মুক্ত আলোচনা পর্ব	ইনোভেশন শোকেসিং এর অন্যতম পর্ব হিসেবে **মুক্ত আলোচনা পর্ব** রাখার বিষয়ে সভা আলোচনা হয়। এই পর্বে ৩৭টি প্রকল্প বিষয়ে আলোচনা হয়। এছাড়া প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই এর জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ জনাব মানিক মাহমুদ এর নেতৃত্বে একটি দল সংশ্লিষ্টদের প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ বিষয়ে সভায় আলোচনা হয়।	জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই এর ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা জনাব অশোক বিশ্বাস যৌথভাবে এ দায়িত্ব পালন করবেন।
৬.	শোকেসিং বিষয়ক সার-সংক্ষেপ উপস্থাপনা	শোকেসিং-এ যে ৩৭ টি প্রকল্প উপস্থাপিত হবে তার উপর ২(দুই) মিনিটের একটি সার-সংক্ষেপের উপস্থাপনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	তথ্য মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন কর্মকর্তা সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই এর ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা জনাব অশোক বিশ্বাস যৌথভাবে সার-সংক্ষেপ উপস্থাপনে তথ্য মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন।

৭.	শোকেসিং এর স্থান আলোকিত করণ, পরিস্কার-পরিচ্ছন্নতা, শোকেসিং প্রদর্শনস্থলে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সচল রাখা, বিদ্যুৎ সরবরাহ এবং ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করা।	আগামী ১৬.০৪.২০১৮ তারিখ তথ্য মন্ত্রণালয়সহ ১৩টি অধিদপ্তরের সমন্বয়ে শোকেসিং অনুষ্ঠান আয়োজন করার জন্য জাতীয় বেতার ভবনের নীচ তলার মেঝে এবং অডিটোরিয়ামকে নির্বাচন করা হয়েছে। প্রেক্ষিতে শোকেসিং কার্যক্রম সফলভাবে সম্পন্নের লক্ষে শোকেসিং এর স্থান আলোকিতকরণ, পরিস্কার-পরিচ্ছন্নকরণ, অডিটোরিয়াম ও শোকেসিং প্রদর্শনস্থলে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সচল রাখা, বিদ্যুৎ সরবরাহ এবং ওয়াই-ফাইসহ হাই-স্পিড ইন্টারনেট সংযোগের ব্যবস্থার বিষয়ে সভায় আলোচনা হয়।	সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা সংশ্লিষ্ট স্থান আলোকিত করণ, শোকেসিং প্রদর্শনস্থলে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সচল রাখা, পরিস্কার-পরিচ্ছন্নকরণ, বিদ্যুৎ সরবরাহ এবং ওয়াই-ফাইসহ হাই-স্পিড ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করবেন।
৮.	অতিথিদের আমন্ত্রণ	আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, সংশ্লিষ্ট অধিদপ্তর থেকে কর্মকর্তাদের আমন্ত্রণ এবং মন্ত্রীপরিষদ বিভাগ থেকে কর্মকর্তাদের আমন্ত্রণ করার জন্য তথ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে দায়িত্ব পালনের বিষয়ে সভায় আলোচনা হয়।	তথ্য মন্ত্রণালয়-কে এ বিষয়ে দায়িত্ব পালনের জন্য সভায় অনুরোধ করা হয়। জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৯.	ব্যানার, ফেস্টুন, প্রদর্শণী সামগ্রী সরবরাহ এবং খাবারের ব্যবস্থাকরণ।	শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের ব্যানার, জাতীয় বেতার ভবনের প্রবেশমুখে উপস্থাপনের জন্য ফেস্টুন, শোকেসিং করার লক্ষে সংশ্লিষ্টদের আর্ট পেপার, পোস্টার পেপার, গ্লু, ককশীট, কাঁচি, মাস্কিং পেপার, পেপার টেপ ইত্যাদি সরবরাহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ বেতারের প্রশাসন শাখাকে অনুরোধ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া শোকেসিং সংশ্লিষ্ট ল্যাপটপ ও অন্যান্য প্রয়োজনী আনুসাঙ্গিক উপকরণ স্ব-স্ব দপ্তর সরবরাহ করবে মর্মে আলোচনা হয়।	বাংলাদেশ বেতারের প্রশাসন শাখা ব্যবস্থা গ্রহণ করবে। শোকেসিং সংশ্লিষ্ট ল্যাপটপ ও অন্যান্য প্রয়োজনী আনুসাঙ্গিক উপকরণ স্ব-স্ব দপ্তর সরবরাহ করবে।
১০.	সমাপনী অনুষ্ঠান	তথ্য মন্ত্রণালয়ের শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে সভাপতি, বিশেষ অতিথি এবং প্রধান অতিথি হিসেবে কে থাকবেন, এ বিষয়ে তথ্য মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহন করে বাংলাদেশ বেতারকে অবহিত করবে বলে সভায় আলোচনা হয়।	তথ্য মন্ত্রণালয়-কে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হয়। জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১১.	অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানানো	আগামী ১৬.০৪.২০১৮ শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানানো হবে।	বাংলাদেশ বেতারের ইনোভেশন টীমের সদস্যরা এ দায়িত্ব পালন করবেন।
১২.	আপ্যায়ন	আগামী ১২.০৪.২০১৮ তারিখ পূর্বপ্রস্তুতি এবং ১৬.০৪.২০১৮ মূল শোকেসিং অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়ন করার লক্ষে শোকেসিং এ অংশগ্রহনরতদের ১২.০৪.২০১৮ তারিখে ৫০ (পঞ্চাশ) জন এবং ১৬.০৪.২০১৮ তারিখে ২০০ (দুইশত) জনকে দুপুরের খাবার সরবরাহের বিষয়ে সভায় আলোচনা হয়।	বাংলাদেশ বেতারের প্রশাসন শাখা আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পরিচালক (প্রশাসন/অর্থ) সার্বিক বিয়ষটি তত্ত্বাবধায়ন করবেন।

অদ্য ০৯.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় যেসকল সদস্যগণ উপস্থিত ছিলেন তাঁরা আগামী ১২.০৪.২০১৮ তারিখ সকাল ১০:৩০ টায় প্রয়োজনীয় উপকরণসহ জাতীয় বেতার ভবনে উপস্থিত থাকবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সিদ্ধান্তসমূহ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হবে। সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯.০৪.১৮

মোঃ মোশাররফ হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বেতার
ও
অতিরিক্ত সচিব
তথ্য মন্ত্রণালয়।
ফোন: ০২-৪৪৮১৩০৬২
ফ্যাক্স: ০২-৪৪৮১৩০৬৩
ই-মেইল: dg@betar.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক (প্রশাসন), এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৪। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
৬। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
১১। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ইস্কাটন, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
১৪। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, ঢাকা।
১৬। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, ঢাকা।
১৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৯। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। জনাব মোঃ মাহবুবুল কবীর সিদ্দিকী, সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিতকরণের অনুরোধসহ)।
২১। জনাব অশোক বিশ্বাস, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২২। জনাব সাগর চন্দ্র সরকার, ডোমিন এক্সপার্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২৩। সংশ্লিষ্ট কর্মকর্তা ....।
২৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
২৫। নথি।

০৯/০৪/১৮

নাসরুল্লাহ মোঃ ইরফান
পরিচালক (অনুষ্ঠান)
ও
আহবায়ক, ইনোভেশন টিম, বাংলাদেশ বেতার।
ফোন: ০২-৪৪৮১৩০৭৪
ফ্যাক্স: ০২-৪৪৮১৩০৬৩
ই-মেইল: inasrullah1965@gmail.com